



ডাকসু নির্বাচন স্থগিতাদেশে আপিল শুনানি বুধবার চূড়ান্ত সিদ্ধান্ত দেবে আপিল বিভাগের নিয়মিত বেঞ্চ



সংগৃহীত ছবি

হাইকোর্টের দেয়া ডাকসু নির্বাচন স্থগিতাদেশের বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আপিলের শুনানি বুধবার অনুষ্ঠিত হবে। চেম্বার আদালতের দেয়া স্থগিতাদেশ এদিন পর্যন্ত বহাল থাকবে। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনকে ঘিরে আইনি প্রক্রিয়ায় নতুন অধ্যায় যোগ হয়েছে। হাইকোর্ট নির্বাচনের ওপর স্থগিতাদেশ জারি করলেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এর বিরুদ্ধে আপিল করে।

মঙ্গলবার (২ সেপ্টেম্বর) চেম্বার বিচারপতি ফারাহ মাহবুব বিশ্ববিদ্যালয়ের আবেদনের শুনানি নিয়ে হাইকোর্টের আদেশ কার্যকর হওয়া সাময়িকভাবে স্থগিত রাখেন। ফলে আগামীকাল বুধবার (৩ সেপ্টেম্বর) আপিল বিভাগের নিয়মিত বেঞ্চ বিষয়টির চূড়ান্ত শুনানি হবে।

এর আগে সোমবার হাইকোর্ট নির্বাচন আগামী ৩০ অক্টোবর পর্যন্ত স্থগিতের নির্দেশ দিয়েছিল। তবে ঘটনাক্রমে মধ্যমি চেম্বার আদালত ওই স্থগিতাদেশ কার্যকর হতে দেয়নি। ডাকসু নির্বাচনে জিএস পদে প্রার্থী এস এম ফরহাদের মনোনয়নকে চ্যালেঞ্জ করে ২৮ আগস্ট বামজোট মনোনীত প্রার্থী বি এম ফাহিমদা আলম হাইকোর্টে রিট দায়ের করেন। তার প্রেক্ষিতেই হাইকোর্ট স্থগিতাদেশ দিয়েছিল।

তফসিল অনুযায়ী, আগামী ৯ সেপ্টেম্বর ডাকসু নির্বাচনের ভোটগ্রহণ হওয়ার কথা। এবার প্রায় ১০টি প্যানেল নির্বাচন লড়াইয়ে অংশ নিচ্ছে। ডাকসুর ২৮টি পদে ৪৭১ জন এবং ১৮টি হলের ১৩টি পদে এক হাজার ৩৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।